

মাদ্রাসা

ডায়েরী ...
পৃষ্ঠা ৩ কলাম ১

SEP. 15 1907

কিশোরগঞ্জে মাদ্রাসা আল-জামিয়াতুল
ইমদাদিয়ার ছাত্রদের ক্লাস বর্জন
অব্যাহত : উত্তেজনা

কিশোরগঞ্জ প্রতিনিধি

শহরের প্রধান মাদ্রাসা আল-জামিয়াতুল ইমদাদিয়ার ডাইস প্রিন্সিপাল পদ থেকে বিএনপি দলীয় সাবেক এমপি, মাওলানা আতাউর রহমান খানকে বরখাস্ত করার ঘটনায় বিক্ষুব্ধ ছাত্রদের একাংশ ক্লাস বর্জন অব্যাহত রেখেছে। অন্যদিকে এ ঘটনায় মাদ্রাসা প্রিন্সিপাল আনোয়ার শাহ এবং আতাউর রহমান খানের সমর্থকদের মধ্যে এখনও টানটান উত্তেজনা বিরাজ করছে। এদিকে গতকাল শনিবার বিকালে বরখাস্তকৃত ডাইস প্রিন্সিপাল বিএনপি দলীয় সাবেক এমপি আতাউর রহমান তার বাসভবনে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করেন। তিনি এ সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, প্রিন্সিপালের অসুস্থ কামিটির লোকজনের ষড়যন্ত্র ও ভূমিকায় তাকে অন্যায়ভাবে বরখাস্ত করা হয়েছে। একইসঙ্গে তিনি বর্তমান প্রিন্সিপালকে অযোগ্য ও স্বার্থপর হিসাবে উল্লেখ করে তার পদবর্তনসহ তাকে বরখাস্তের সিদ্ধান্ত বাতিল এবং প্রায় অবরুদ্ধ অবস্থায় রেখে মাদ্রাসা চালু রাখার অপপ্রয়াস বন্ধের দাবি জানান।